



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[কর অব্যাহতি শাখা]
রাজস্ব ভবন, পুট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

নথি নং-০৮.০১.০০০০.০৩৪.০১.৭৪৪.২৩-১০ ৪

তারিখঃ ০৭/১০/২০২৪ খ্রিঃ।

সনদপত্র নং-৩৫০।

বিষয়ঃ আয়কর আইন, ২০২৩ এর ধারা ৯০ এর সাথে পঠিতব্য উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি ৪ অনুযায়ী আয়কর কর্তন ব্যতিরেকে বিল পরিশোধের সনদপত্র।

জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে সনদপত্র প্রদান করেছে যে, আয়কর আইন, ২০২৩ এর ধারা ৯০ এর সঙ্গে সম্পর্কযুক্ত উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি ৪ মোতাবেক অর্থ পরিশোধের দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষ কর্তৃক G10 Infotech Limited, [ইটিআইএন-৩১০৬৬২৭২৯৯৫৭-/সাঃ-৩১৬ (কোম্পানীজ), কর অঞ্চল-১৫, ঢাকা], কে আয়কর আইন, ২০২৩ এর ৬ষ্ঠ তফশিল পার্ট-এ, প্যারা-২১ অনুযায়ী নিম্নবর্ণিত ব্যবসার বিল প্রদানের ক্ষেত্রে উৎসে কর কর্তন প্রযোজ্য নয়।

ক্রমিক নং-(ঘ) সফটওয়্যার অ্যাক্সেস (software as a service);

(ঙ) সাইবার সিকিউরিটি সার্ভিস (cyber security service);

(জ) সফটওয়্যার ডেভেলপমেন্ট ও কাস্টমাইজেশন (software development and customization);


(ট) আইটি সহায়তা ও সফটওয়্যার মেইনটেন্যান্স সার্ভিস (IT assistance and software maintenance service);

(ড) ই-লার্নিং প্ল্যাটফর্ম ও ই-পাব্লিকেশন (e-learning platform and e-publication);

০২। তবে এ সনদপত্র করদাতার উপরিউক্ত ব্যবসা বহির্ভূত আমদানীকৃত সফটওয়্যার ক্রয় বিক্রয় ও কম্পিউটার হার্ডওয়্যার, প্রিন্টার ও আনুষঙ্গিক যন্ত্রাংশ সরবরাহ অথবা ক্রয়-বিক্রয়, ব্যাংক সুদ, অন্য কোন সেবা প্রদান, ৬ষ্ঠ তফশিল পার্ট-এ, প্যারা-২১ বহির্ভূত সেবা বা ব্যবসার কোন বিল প্রাপ্তি এবং অন্যান্য ব্যবসার ক্ষেত্রে প্রযোজ্য নয়।

০৩। আয়কর আইন, ২০২৩ এর ধারা ৭৬(৫) এর শর্তাবলী অবশ্যই পরিপালন করতে হবে।

০৪। আয়কর আইন, এর ৬ষ্ঠ তফশিল পার্ট-এ, প্যারা-২১ মোতাবেক ইস্যুকৃত এ সনদপত্রের মেয়াদ ০১/০৭/২০২৪ (পহেলা জুলাই, দুই হাজার চব্বিশ) হতে ৩০/০৬/২০২৫ (ত্রিশ জুন, দুই হাজার পঁচিশ) তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। তবে শর্ত থাকে যে, ০১লা, জুলাই ২০২৪ তারিখ হইতে উক্ত ব্যবসায়ের সকল আয়, ব্যয় ও বিনিয়োগ শতভাগ ব্যাংক ট্রান্সফার এর মাধ্যমে সম্পন্ন করিতে হইবে।


০৭.১০.২৪
(কে. এম. তানিম-উজ-জামান)
দ্বিতীয় সচিব (কর অব্যাহতি)

✓ প্রাপকঃ

Managing Director
G10 Infotech Limited.
House-14/17, Iqbal Road, Mohammadpur, Dhaka.

নথি নং-০৮.০১.০০০০.০৩৪.০১.৭৪৪.২৩-

তারিখঃ ০৭/১০/২০২৪ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'লঃ

১। কর কমিশনার, কর অঞ্চল- ১৫, ঢাকা।



E:\OLD E\FAIT\Letter\16\G10.docx

(কে. এম. তানিম-উজ-জামান)
দ্বিতীয় সচিব (কর অব্যাহতি)